দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-০২/২০২৫ তারিখঃ ০২/০১/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৫৩.০২.০২৩.২৩/৬০২, তারিখঃ ৩১/১২/২০২৪ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।**

স্মারক নং: ০৮.০১.০০০০.০৫৩.০২.০২৩.২৩/৬০২ তারিখ: ৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ।

**বিষয় ঃ কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং ০৯ এ বর্ণিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।**

সূত্র : ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৮৯, তারিখ : ৩০/০৬/২০২০ খ্রি.;
২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৭.০১.০০৫.১৪/২০৩, তারিখ : ১১/১০/২০২১ খ্রি.;
৩। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/১৫৩, তারিখ : ০২/০৪/২০২৩ খ্রি.;
৪। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৩.০২.০২৩.২৩/৪৩৩, তারিখ : ২১/১২/২০২৩ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কাস্টমস আইন, ২০২৩ এর ১৭১(১) এর টেবিলের ক্রমিক নং ০৯ এ বর্ণিত ধারা ৩৩ সংশ্লিষ্ট অপরাধের বিপরীতে জরিমানা/দন্ড কলামে ধারা ৩৩ এর আওতায় কাস্টমস্ সম্পর্কিত কোন বিষয়ে অসত্য বিবৃতি প্রদান বা দলিলপত্র দাখিলের জন্য দন্ড আরোপের বিধান বিষয়ে সূত্রোক্ত চারটি পত্রের মাধ্যমে ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। এর ধারাবাহিকতায় দ্রুততার সাথে পণ্য চালান শুল্কায়নের পাশাপাশি কাস্টমস সংশ্লিষ্ট কার্যক্রম অধিকতর ব্যবসা ও বিনিয়োগ বান্ধব করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছে:

(ক) আমদানিকারক কর্তৃক কোনো কাস্টমস্ হাউস/স্টেশনের মাধ্যমে কোনো পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে যদি বাণিজ্যিক দলিলাদিতে পণ্যের বাণিজ্যিক বা ট্যারিফ বর্ণনা, আর্ট নম্বর, পার্ট নম্বর, ব্র্যান্ড, মডেল, সাইজ, কালার, ক্যাপাসিটি, উৎস দেশ (country of origin) ইত্যাদি যথাযথ থাকে অর্থাৎ যদি ঘোষণাটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট (responsive) হয়, যা থেকে পণ্যটি সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যায় এবং ঘোষিত H.S. Code Bangladesh Customs Tariff (BCT) এর 4-digit পর্যন্ত সঠিক থাকে তাহলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। তবে, এক্ষেত্রে পণ্যের প্রকৃত বর্ণনার ভিত্তিতে সঠিক H.S. Code কিংবা CPC নিরূপণপূর্বক প্রযোজ্য শুল্ক-কর আদায় করতে হবে।

(খ) কোন পণ্য প্রথমবার আমদানির ক্ষেত্রে CPC ভুল হলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবে না। তবে প্রথমবার আমদানির পরবর্তীতে আমদানিকৃত পণ্যচালানের ক্ষেত্রে CPC ভুল হলে রাজস্ব সংশ্লিষ্টতা নির্বিশেষে তা অসত্য ঘোষণা হিসেবে গণ্য হবে।

(গ) আমদানিকৃত পণ্য কোনো একটি কাস্টমস্ হাউস/স্টেশন কর্তৃক কোনো H.S. Code কিংবা CPC এর আওতায় শুল্কায়নপূর্বক খালাস পরবর্তীতে উক্ত একই পণ্য একই বা ভিন্ন কাস্টমস হাউস/স্টেশনের মাধ্যমে আমদানির ক্ষেত্রে যদি ইতোপূর্বে অনুমোদিত H.S. Code কিংবা CPC সঠিক নয় মর্মে কাস্টমস হাউসের এসেসমেন্ট কমিটি কিংবা জাতীয় রাজস্ব বোর্ডের শ্রেণীবিন্যাস কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং এপ্রেক্ষিতে পূর্বের অনুমোদিত H.S. Code কিংবা CPC পরিবর্তন করা হয় তাহলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবেনা। Partial Shipment সুবিধাযুক্ত ঋণপত্রের ক্ষেত্রেও এ বিধান প্রযোজ্য হবে।

(ঘ) দফা (ক), (খ) ও (গ) মোতাবেক কাস্টমস্ কর্তৃক নিরূপিত বা অনুমোদিত H.S. Code কিংবা CPC ব্যবহার না করে একই আমদানিকারক কর্তৃক পরবর্তী কোন পণ্যচালানের ক্ষেত্রে একই পণ্য ভুল H.S. Code কিংবা CPC ঘোষণাপূর্বক আমদানি করলে তা কাস্টমস আইনের ধারা ৩৩ মোতাবেক অসত্য ঘোষণা হিসেবে গণ্য হবে এবং ন্যায় নির্ণয়ন প্রযোজ্য হবে।

(ঙ) আমদানি দলিলাদি যথা ইনভয়েস, প্রোফরমা ইনভয়েস, এলসি, বি/এল, প্যাকিং লিস্ট ইত্যাদিতে ভুল H.S. Code ঘোষণা থাকলে এবং বিল অব এন্ট্রি দাখিলের পূর্বে কমিশনারের পূর্বানুমোদনক্রমে সঠিক H.S. Code ঘোষণা প্রদান করা হলে তা মিথ্য ঘোষণা হিসেবে বিবেচিত হবে না; তবে এক্ষেত্রেও আমদানি দলিলাদির সাথে ম্যানিফেস্ট বা বিল অব এন্ট্রিতে ঘোষিত পণ্যের ওজন, পরিমাণ ও বর্ণনায় তারতম্য পাওয়া গেলে তা অসত্য ঘোষণা হিসেবে বিবেচিত হবে এবং ন্যায় নির্ণয়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২। সূত্রোক্ত ০১-০৩ নং পত্রগুলো এতদ্বারা বাতিল করা হলো এবং সূত্রোক্ত ০৪ নং পত্রটি উদ্ভূত প্রেক্ষাপট অনুযায়ী যতটুকু প্রযোজ্য ততটুকু কার্যকর হবে।

০৩। এ পত্রের মর্মার্থ অনুসারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
**মুকিতুল হাসান**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com
তারিখ: ৩১-১২-২০২৪